ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/নিয়োগ-২৩৭/০৩/(খন্ড-২)/১৪৪৫ — তারিখ ঃ ২৬/০৫/২০১৬ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদগুলি সম্পূর্ণরূপে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত নিম্নোক্ত শর্তাধীনে ও নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদ, বিভাগ ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)	(৪)
১।	সহকারী অধ্যাপক (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) আর্কিটেকচার বিভাগ ৳ ৩৫,৫০০--৬৭,০১০/- (গ্রেড- ৬)	০১ (এক) টি	The candidate must possess a First Class B.Arch Degree or equivalent from a recognized University/Institution plus 4 years of professional experience; Or The candidate must possess a First Class B.Arch. Degree or equivalent from a recognized University/Institution plus 3 years of professional experience of which 1 year in active teaching; Or The candidate must possess a First Class B.Arch. Degree or equivalent and an M.Arch. or equivalent degree from a recognized University/Institution plus 3 years of professional experience; Or The candidate must possess a First Class B.Arch. Degree or equivalent and an M.Arch. or equivalent degree from a recognized University/Institution plus 2 years of professional experience of which 1 year in active teaching; Or The candidate must possess a First Class B.Arch. Degree or equivalent and a Ph.D or equivalent degree in relevant discipline from a recognized University/Institution.
২।	মালী হল সমূহ ৳ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	০১ (এক) টি	প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। অথবা প্রার্থীকে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা সহ কমপক্ষে ৮ম শ্রেণী বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হইতে হইবে।

শর্তাবলী ঃ

১। আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা ওয়েবসাইট http://www.duet.ac.bd হইতে জীবন-বৃত্তান্তের ফরমেট সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্র বা জন্ম নিবন্ধন পত্র, পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ পত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে।

২। প্রার্থী সম্পর্কে পরিচয়দানে সক্ষম আত্মীয় নয় এমন দুই জন বিশিষ্ট ব্যক্তির নাম ও ঠিকানা উল্লেখ করিতে হইবে (টেলিফোন/মোবাইল নম্বরসহ), যাঁহাদের নিকট হইতে প্রার্থীর যোগ্যতা, অভিজ্ঞতা ও উপযুক্ততা সম্পর্কে প্রয়োজনীয় তথ্য গ্রহণ করা যাইতে পারে।

৩। ক্রমিক নং- ১ -এ বর্ণিত পদের জন্য ৭ (সাত) সেট এবং ক্রমিক নং- ২ -এ বর্ণিত পদের জন্য ৫ (পাঁচ) সেট করিয়া পূর্ণাঙ্গ আবেদনপত্র দাখিল করিতে হইবে।

৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র এবং চাকরিরত হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৫। আবেদন পত্র আগামী **৩০/০৬/২০১৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪-০০ ঘটিকার** মধ্যে "রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" এর বরাবরে পৌঁছাইতে হইবে।

৬। আবেদনপত্রের সাথে "ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর এর অনুকূলে ক্রমিক নং- ১ -এ বর্ণিত পদের জন্য ৩৫০/- টাকা এবং ক্রমিক নং- ২ -এ বর্ণিত পদের জন্য ১০০/- টাকার পে-অর্ডার/ডিডি দাখিল করিতে হইবে।

৭। চাকরিরত প্রার্থীদের আবেদন পত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।

৮। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) বা ইহার সমতুল্য জিপিএ শিথিল করা যাইতে পারে।

৯। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) বা ইহার সমতুল্য জিপিএ বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী শিথিল করা যাইতে পারে।

১০। কোন পদের প্রার্থীর সংখ্যা বেশী হইলে প্রয়োজনে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হইতে পারে।

১১। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে ।

১২। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্র মারফত/টেলিফোনে জানানো হইবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৩। সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে সকল সনদ ও সংশ্লিষ্ট পত্রাদির মূল কপিসহ উপস্থিত থাকিতে হইবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারনে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করিতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করিতে বাধ্য থাকিবেন না। দরখাস্তের সঙ্গে দাখিলকৃত কোন কাগজপত্র/পে-অর্ডার/ডিডি ফেরত প্রদান করা হইবে না।

১৫। প্রার্থীর দেশীয় প্রাইভেট/বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয় প্রদত্ত ডিগ্রীর অনুরূপ ডিগ্রী হিসেবে নিজ উদ্যোগে অত্র বিশ্ববিদ্যালয় হইতে ইকুইভ্যালেন্স করিতে হইবে।

১৬। অভিজ্ঞতা বলিতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাইবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হইবে না।

১৭। সরকারি বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদানের ব্যবস্থা থাকিবে।

১৮। ক্রমিক নং- ২ -এ বর্ণিত পদের জন্য প্রার্থীদের বয়সসীমা ন্যূনতম ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরতদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

১৯। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে 'অঙ্গীকারনামা' প্রদান করিতে হইবে।

২০। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ৯২০৪৭০৩ (অফিস)।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/প্রশা/নিয়োগ-২৩৭/০৩/(খন্ড-২)/১৪৪৫ — তারিখ ঃ ২৬/০৫/২০১৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)-

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর;

২। ডীন, সকল অনুষদ, ডুয়েট, গাজীপুর;

৩। রেজিস্ট্রার
ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল্স/বেগম রোকেয়া/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ/বরিশাল/বাংলাদেশ টেক্সটাইল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;

৪। সকল-বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোষ্ট/অফিস প্রধান, ডুয়েট, গাজীপুর;

৫। পরিচালক, কম্পিউটার সেন্টার, ডুয়েট, গাজীপুর;
(বিজ্ঞপ্তিটি এবং জীবন-বৃত্তান্তের ফরমেট বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল);

৬। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা;

৭। কম্পট্রোলার (ভারপ্রাপ্ত), কম্পট্রোলার অফিস, ডুয়েট, গাজীপুর;

৮। সংরক্ষণ নথি/গার্ড ফাইল/সকল নোটিশ বোর্ড।

(মোঃ মফিজুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার